



4.4. সমানুপাতিক বৃত্ত [Proportional Circle]

কিছের মতোই কোনো উপাদানকে অনুপাত অনুসারে বৃত্তের ক্ষেত্রফলে প্রকাশ করা যায়। সমানুপাতিক বৃত্তও বর্গচিত্রের মতো

একটি দ্বিমাত্রিক চিত্র যা ক্ষেত্রফল নির্দেশ করে। বৃত্তের আকৃতি সবসময় পরিমাণের আনুপাতিক ধারণা প্রদান করে।

নীতি [Principle]

সমানুপাতিক বৃত্ত চিত্রের ক্ষেত্রে বর্গচিত্রের মতো একই নীতি প্রযোজ্য হয়। বৃত্তের ক্ষেত্রফল উপাদানের পরিমাণের সঙ্গে সমানুপাতিক। যেহেতু এটি ক্ষেত্রচিত্র সেহেতু এর ক্ষেত্রফল উপাদানের পরিমাণকে নির্দেশ করে। তাই, এর সূত্রটি নিম্নে লেখা যেতে পারে—

$$\pi r^2 = Q$$

$$[\pi r^2 = \text{বৃত্তের ক্ষেত্রফল}, Q = \text{উপাদানের পরিমাণ}]$$

$$\therefore r = \sqrt{\frac{Q}{\pi}}$$